গাংনীতে সাজাপ্রাপ্ত পলাতক আসামি গ্রেফতার

মেহেরপুরের গাংনীতে ১ বছরের সাজাপ্রাপ্ত পলাতক আসামি রবিউল ইসলামকে গ্রেফতার করেছে পুলিশ।

গতকাল মঙ্গলবার রাত সাড়ে ৯ টায় উপজেলার ধানখোলা ইউনিয়নের দিঘলকান্দি গুচ্ছ গ্রামে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করে গাংনী থানার সহকারী উপ-পুলিশ পরিদর্শক মো: রবিউল ইসলাম।

গ্রেফতারকৃত রবিউল ইসলাম চুয়াডাঙ্গা জেলার সিএন্ডবি পাড়ার বাসিন্দা। সে বর্তমানে গাংনী উপজেলার দিঘলকান্দি গুচ্ছ গ্রামের শ্বশুর আব্দুস সাত্তারের বাড়িতে বসবাস করে।

গাংনী থানার সহকারী উপ-পুলিশ পরিদর্শক মো: রবিউল ইসলাম বলেন, জে আর মামলায় আদালত কর্তৃক ১ বছরের দণ্ড প্রাপ্ত পলাতক আসামি রবিউল ইসলাম তার শ্বশুর বাড়িতে অবস্থান করছে এমন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করা হয়।

গাংনী থানার ওসি মো: বজলুর রহমান জানান গ্রেফতারকৃত দণ্ড প্রাপ্ত আসামি রবিউল ইসলামকে আজ বুধবার সকালে ওয়ারেন্ট মুলে আদালতে সোপর্দ করা হবে।

ঝিনাইদহে মাদক ব্যবসায়ী রকিসহ দুই জনকে কারাদণ্ড

ঝিনাইদহ জেলা পরিষদের প্যানেল চেয়ারম্যান মোস্তাকিম মনিরের পিএস খ্যাত হামদহ ৩নং পানির ট্যাংকি পাড়ার তুহিনুর রহমানের পুত্র মাদক ব্যবসায়ী ইশতিয়াক রহমান রকিসহ আরো দুজনকে মাদক মামলায় তিনমাসের বিনাশ্রম কারাদণ্ড দিয়েছে ভ্রাম্যমাণ আদালত।

১৬ ফেব্রুয়ারি সকাল ৮.৩০ মিনিটে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর,

ঝিনাইদহের পরিদর্শক মিলন কুমার মুখার্জির নেতৃত্বে পরিচালিত অভিযানে রকির নিজ বাড়ি থেকে গাঁজাসহ তাকে আটক করা হয়। জানা যায় রকি ইতোপূর্বেও মাদক মামলায় হাজতবাস করেছে। এছাড়াও রকির নামে ঝিনাইদহের এক সাংবাদিকের উপর হামলার একাধিক মামলা রয়েছে।

এদিকে শহরের ষাটবাড়িয়া হতে শ্রী মহিত দাসের পুত্র দিশান কুমার দাশ ও গান্না বাজার এলাকার শের আলীর পুত্র মোঃ আতিয়ার রহমান নামে দুজনকে গাঁজা রাখার দায়ে তিন মাসের বিনাশ্রম কারাদণ্ড দিয়েছে ভ্রাম্যমাণ আদালত।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের এ অভিযানে আটককৃতদের সাজা প্রদান করেন ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট মোঃ জিন্নাতুল ইসলাম। আটককৃতদের মাদক মামলায় সাজার বিষয়টি নিশ্চিত করেছেন নির্বাহী ম্যাজিস্ট্রেট মোঃ জিন্নাতুল ইসলাম ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক মিলন কুমার মুখার্জি।

ঝিনাইদহ জেলা পরিষদের প্যানেল চেয়ারম্যান মোস্তাকিম মনিরের কাছে তার পিএস খ্যাত রকি’র এরূপ কর্মকাণ্ড বিষয়ে জানতে চাইলে তিনি অস্বীকার বলেন আমার এমন কোন পিএস নেই। তার সম্পর্কে আমি কিছু জানিনা।

দেশ ও জাতির কাছে আমাদের দায়বদ্ধতা রয়েছে

কুষ্টিয়ায় সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় সভা করেছেন নবাগত জেলা প্রশাসক মোহাম্মদ সাইদুল ইসলাম।

গতকাল মঙ্গলবার বিকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

কুষ্টিয়ার অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) লুৎফুন নাহারের সঞ্চালনায় মতবিনিময় সভায় বক্তব্য রাখেন জেলা প্রশাসকসহ সাংবাদিক নেতৃত্ববৃন্দ।

নতুন জেলা প্রশাসক মোহাম্মদ সাইদুল ইসলাম বলেন, দেশ ও জাতির কাছে আমাদের দায়বদ্ধতা রয়েছে। তাই দায়িত্ব পালনে আপনাদের (সাংবাদিক) আন্তরিক সহযোগিতা প্রয়োজন।

মতবিনিময় সভায় আরও বক্তব্য দেন কুষ্টিয়া প্রেস ক্লাবের সভাপতি গাজী মাহাবুব রহমান, সাধারণ সম্পাদক আনিসুজ্জামান ডাবলু, সাংবাদিক নুর আলম দুলাল, সাজ্জাদ রানা, তৌহিদী হাসান শিপলু ও হাসান আলী।

এছাড়াও মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন স্থানীয় সরকার মন্ত্রণালয়ের উপ-পরিচালক মৃণাল কান্তি দে, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) ওবায়দুর রহমান, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা জুবায়ের হোসেন চৌধুরীসহ স্থানীয় সাংবাদিকরা।

কুষ্টিয়া শহর আওয়ামী লীগের সহ-সভাপতির উপর হামলা

কুষ্টিয়া শহর আওয়ামী লীগের সহ-সভাপতি মানজিয়ার রহমান চঞ্চলের উপর হামলার ঘটনা ঘটেছে। এ সময় চঞ্চলসহ তার আরো এক সহযোগী গুরুতর জখম হয়েছে।

গতকাল মঙ্গলবার সন্ধ্যায় শহরের বঙ্গবন্ধু সুপার মার্কেটে এ ঘটনা ঘটে। তাদেরকে উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে ভর্তি করে চিকিৎসা দেয়া হয়েছে।

জানা গেছে, দোকান নিয়ে বিরোধের জের ধরে এই হামলার ঘটনা ঘটেছে। শহরের বঙ্গবন্ধু মার্কেটের দোতলায় প্রকৌশলী রহমত আলীর বেশ কয়েকটি দোকান রয়েছে। তার কাছ থেকে কয়েকটি দোকান ক্রয় করেন রফিকুল। দোকান কেনার পর তিনি রহমত আলীর অন্য দোকানের সামনের জায়গা দখল করে মালামাল রেখে আসছেন।

এই বিরোধ মীমাংসার জন্য সন্ধ্যায় সেখানে যান জেলা যুবলীগের সভাপতি রবিউল ইসলাম, শহর আওয়ামী লীগের সহ-সভাপতি মানজিয়ার রহমান

চঞ্চল ও যুবলীগ নেতা নরুল ইসলাম সুরুজ।

মীমাংসা নিয়ে আলোচনা চলাকালে হঠাৎ করে রড, লাঠি, হকস্টিকসহ দেশীয় অস্ত্র নিয়ে চঞ্চল ও তার সহযোগিদের উপর হামলা চালায় দুর্বৃত্তরা। এতে গুরুতর আহত হন তিনি তার এক সহযোগী। এরপর দোকানে আটকে রাখা হয় তাদের। পরে গুরুতর আহত অবস্থায় চঞ্চলকে উদ্ধার করে হাসপাতালে নেয়া হয়।

কুষ্টিয়ার অতিরিক্ত পুলিশ সুপার মোস্তাফিজুর রহমান জানান, বিষয়টি জানার পর ফোর্স পাঠিয়েছিলাম। তদন্ত করে দোষীদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে।’

এদিকে চঞ্চলের উপর হামলার ঘটনায় নিন্দা জানিয়েছে শহর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আতাউর রহমান আতাসহ নেতৃবৃন্দ। তারা দ্রুত ঘটনার সাথে জড়িতদের চিহিৃত করে গ্রেফতারের দাবি জানিয়েছেন।

দামুড়হুদার কুনিয়া গ্রামে পরের স্ত্রীর ঘরে ঢুকে সার ব্যবসায়ী গ্যাঁড়াকলে

দামুড়হুদা উপজেলার নাটুদা ইউনিয়নের কুনিয়া গ্রামে পরের স্ত্রীর ঘরে ঢুকে সার ব্যবসায়ী এরশাদ আলি(২৫) গ্যাঁড়াকলে পড়েছে। ঘটনাটি ঘটেছে গত রবিবার রাত আনুমানিক সাড়ে ৮টার দিকে।

জানা যায়, গত রবিবার রাতে কুনিয়া গ্রামের সার তেল ব্যবসায়ী এরশাদ আলি একই গ্রামের সাইফুলের স্ত্রীর ঘরে প্রবেশ করে। এ সময় ঐ নারীর শ্বশুর নিজাম উদ্দিন বিষয়টা বুঝতে পেরে ঘরের দরজা লাগিয়ে দেয়।

পরে স্থানীয়দের উপস্থিতিতে ঘরের দরজা খুলে দিলে সার তেল ব্যবসায়ী দোড় দিয়ে পালিয়ে যায়। তবে এ বিষয়ে ভুক্তভোগী পরিবারের সাথে কথা বলার চেষ্টা করেও তাদের সাথে কথা বলা সম্ভব হয়নি।

অভিযুক্ত এরশাদ আলি ঐ গ্রামে প্রভাবশালী হওয়ায় তার বিরুদ্ধে কেউ

কথা বলতে সাহস পাই না। ঐ গ্রামের নাম প্রকাশে অনিচ্ছুক একাধিক ব্যক্তি বলেন, এই ঘটনাটি কুনিয়া গ্রামে বেশ মুখরোচক ঘটনায় পরিণত হয়েছে। অভিযুক্ত সামসুল হকের ছেলে এরশাদ আলি দুষ্ট প্রকৃতির লোক তার বিচার হওয়া দরকার। তার জন্য আমাদের গ্রামের বদনাম হয়ে যাচ্ছে।আমরা এরশাদের দৃষ্টান্ত মূলক শাস্তির দাবী করছি।

অভিযুক্ত এরশাদ আলি জানান, সাইফুল বিকাশে তার বাড়িতে টাকা পাঠিয়েছিলো আমি তার স্ত্রীর কাছে দিতে যায়। এ সময় সাইফুলের বাবা নিজাম উদ্দিন ঘরের দরজা লাগিয়ে দেয়। আমার বিরুদ্ধে যে অভিযোগ করা হয়েছে সেটা মিথ্যা।

আলমডাঙ্গায় পূর্বশত্রুতার জের ধরে ভুট্টা ক্ষেতে বিষ প্রয়োগ

আলমডাঙ্গায় পূর্বশত্রুতার জের ধরে এক কৃষকের ২ বিঘা ভুট্টা ক্ষেত বিষ দিয়ে পুড়িয়ে দেওয়ার অভিযোগ উঠেছে। গতকাল মঙ্গলবার নাগদাহ ইউনিয়নের জোরগাছা গ্রামের জিন্নাত আলি এ অভিযোগ করেন।

এ ভুট্টা ক্ষেত বিষ দিয়ে পুরিয়ে দেওয়ার ঘটনায় জিন্নাত আলি বাদি হয়ে আলমডাঙ্গা থানায় লিখিত অভিযোগ করেন।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার নাগদাহ ইউনিয়নের জোরগাছা গ্রামের মৃত শুকুর আলি বিশ্বাসের ছেলে জিন্নাত আলীর সাথে দীর্ঘদিন যাবৎ একই গ্রামের মৃত মোজাহার মন্ডলের ছেলে গোলবারের সাথে জমি নিয়ে পূর্ব শত্রুতা চলে আসছে। এ নিয়ে চুয়াডাঙ্গা কোর্টে ও আলমডাঙ্গা থানায় বিভিন্ন মামলা চলমান রয়েছে।

গত ১৪ই ফেব্রুয়ারি সকালে জিন্নাত আলি ভুট্টা ক্ষেতে পানি দিতে যায়। এ সময় পানি দেওয়ার মুহূর্তের রোদ্রের উপস্থিতি পেয়ে গাছ গুলো নুয়ে পড়ে। সে চিন্তিত অবস্থায় কৃষি বিভাগের মাঠ কর্মীকে দিয়ে পরিক্ষা করে।

তিনি জানান, তার ভুট্টা ক্ষেতে ঘাস মারা বিষ প্রয়োগ করা হয়েছে।

এ কারণেই গাছ নুয়ে পড়ছে। গতকাল মঙ্গলবার সকালে ভুট্টা ক্ষেতে গিয়ে দেখে ভুট্টা গাছ গুলো হলুদ হয়ে মারা যাচ্ছে।

এ ঘটনায় জিন্নাত আলি বলেন, গোলবারের সাথে পূর্ব জমি সংক্রান্ত জের ধরে বিভিন্ন সময় তাকে হুমকি প্রদান করে। ইতোপূর্বে গোলবারসহ আবুল মন্ডলের ছেলে ফিরোজ ও ইমতাদুল তাকে মারপিটও করে। এ কারণেই জিন্নাত আলি তাদের সন্দেহ করে বলে জানায়।

আলমডাঙ্গায় সাধক রণগাজী বিশ্বাসের ৪১৮তম সাধুসঙ্গ

আলমডাঙ্গার ফরিদপুর গ্রামের গোলবাগানে আধ্যাত্মিক সাধক রণগাজী বিশ্বাসের ৪১৮ তম শ্রীপঞ্চমী তিথির সাধুসঙ্গ শুরু হয়েছে। মঙ্গল ও বুধবার দুইদিন ব্যাপী এ সাধুসঙ্গ উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক সাবেক মেয়র রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দার টোটন। প্রধান অতিথির বক্তব্যে টোটন জোয়ার্দ্দার বলেন, আধ্যাত্মিক সাধক রণগাজী বিশ্বাস সম্পর্কে যতটুকু জেনেছি তিনি একজন সাধক পুরুষ।

আজকের এই অনুষ্ঠান বংশ পরমপরায় প্রায় ৫শ বছর ধরে হয়ে আসছে। যদি বংশের কেউ না থাকতে তাহলে হয়তো এটা পালন করা সম্ভব হতো না। আজকে দেশের বিভিন্ন অঞ্চল থেকে সাধুভক্তরা এখানে আসছেন। এখানে সাধুভক্তদের মিলন মেলা অনুষ্ঠিত হবে। এটা বাঙ্গালী সংস্কৃতির একটা অন্যতম অধ্যায়। ওরস বলেন, সাধুসঙ্গ যায় বলেন এটা নিয়েই কিন্তু বাঙ্গালী এবং গ্রাম বাংলার মানুষ। তিনি বলেন, এই অধ্যায় গুলোকে আমাদের ধারন করতে হবে। ধরে রাখতে হবে।

রণগাজী বিশ্বাসের খাদেম আশরাফুল হক ঠান্ডুর সভাপতিত্বে এ আলোচনা সভায় বিশেষ অতিথি ছিলেন উপজেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক ইয়াকুব আলী, উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি বেলগাছি ইউপি

চেয়ারম্যান আমিরুল ইসলাম মন্টু, জামজামি ইউপি চেয়ারম্যান নজরুল ইসলাম, বেলগাছি ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মাহমিদুল হাসান চনচল, সাংবাদিক রহমান মুকুল, প্রশান্ত বিশ্বাস, বিপ্লব মেম্বার।

অনুষ্ঠানটি পরিচালনা করেন সাংস্কৃতিক ব্যক্তিত্ব আতিক বিশ্বাস। রাতে বাউল সাধুদের আধ্যাত্মিক গান অনুষ্ঠিত হয়।

আলমডাঙ্গায় বৃদ্ধি পাচ্ছে করোনা ভ্যাকসিন গ্রহণের হার

আলমডাঙ্গায় করোনা ভাইরাস প্রতিরোধে কোভিড-১৯ এর ভ্যাকসিন গ্রহণে আগ্রহ বাড়ছে। গত ১০ দিনে ১৫ শত ৬১ জন করোনা ভাইরাসের ভ্যাকসিন গ্রহণ করেছে। আলমডাঙ্গা উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদের ভাইস-চেয়ারম্যান, ওসি, সাংবাদিক ও পুলিশ টিকা গ্রহণ করেছেন।

গত ৭ ফ্রেরুয়ারি সারা দেশের ন্যায় আলমডাঙ্গাতেও করোনা ভাইরাসের টিকা প্রদান কার্যক্রম শুরু হয়েছে। প্রথম দিন হারদী হাসপাতালে আলমডাঙ্গা উপজেলা চেয়ারম্যান আলহাজ্ব আইয়ুব হোসেন, উপজেলা স্বাস্থ্য প প কর্মকর্তা ডাঃ হাদী জিয়াউদ্দিন আহম্মদসহ ২১ জন টিকা গ্রহণ করেন। ৭ তারিখ থেকে গতকাল ১৬ তারিখ পর্যন্ত ১০ দিনে ১৫৬১ জন টিকা গ্রহণ করেছেন।

এদের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার মোঃ লিটন আলী, থানা অফিসার ইনচার্জ আলমগীর কবির, উপজেলা ভাইস চেয়ারম্যান এ্যাডঃ সালমুন আহম্মদ ডন, প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক হামিদুল ইসলাম, যুগ্ম-সম্পাদক প্রশান্ত বিশ্বাস, সাংবাদিক তানভীর আহম্মেদ সোহেল, এমদাদ হোসেন, রোকনুজ্জামান রোকন, ফাইম ফয়সাল, উপজেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সম্পাদক ইয়াকুব আলী,

সাবেক বিআরডিবি চেযারম্যান মহিদুল ইসলাম মুহিদসহ বিভিন্ন শ্রেণী পেশার মানুষ। এ বিষয়ে উপজেলা স্বাস্থ প প কর্মকর্তা ডাঃ হাদী

জিয়াউদ্দিন আহম্মদ জানান আলমডাঙ্গর দুটি কেন্দ্রে টিকা প্রদান করা হচ্ছে। এখনও কারও কোন পার্শ্ব প্রতিক্রিয়ার খবর পাওয়া যায়নি। প্রতিদিন টিকা গ্রহণের হার বৃদ্ধি পাচ্ছে।

নাটুদাহে ভূমিদস্যুদের পেটে ফসলি জমি

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার নাটুদাহের ছাতিয়ানতলায় ভূমিদস্যুদের পেটে যাচ্ছে ফসলি জমির মাটি। গ্রামের মাঠ থেকে মাটি কেটে নেয়া হচ্ছে ইট ভাটায়। এতে শত শত বিঘা ফসলি জমির ভবিষ্যত অনিশ্চিত হয়ে পড়ছে।

একই সঙ্গে উর্বরতা হারিয়ে অনাবাদি হয়ে পড়ছে আবাদি জমি। জমির টপসয়েল কেটে নেওয়ায় ব্যাপকহারে ক্ষতিগ্রস্থ হচ্ছে আবাদী জমি । ফসল ফলানো যেমন বাধাগ্রস্থ হচ্ছে তেমনি অন্যান্য জমিতে চাষাবাদে আগ্রহ হারিয়ে ফেলছে কৃষক।

গ্রামের কৃষকরা গণ স্বাক্ষর করে প্রশাসনের কাছে অভিযোগের প্রস্তুতি নিচ্ছে বলে জানাগেছে। ছাতিয়ানতলা কানাইডাঙ্গা সড়কের পাশে নোংরাসোতার মাঠে ভেকু মেশিনের মাধ্যমে ট্রাক দিয়ে ফসলি জমির মাটি ইট ভাটায় নিয়ে যাওয়া হচ্ছে। জমির মালিকরা না বুঝেই তা ইট ভাটার মালিকদের কাছে বিক্রি করছেন।

কানাইডাঙ্গার আফসার ভুসকির ছেলে মতিয়ার এ মাটি কেটে পুকুর খনন করছে। এতে পাশের জমির কৃষকদের ফসলি জমি ভাঙনের মুখে পড়েছে বলে জানিয়েছেন স্থানীয়রা। এসব মাটি খেকো ভূমিদস্যুদের আইনের আওতায় আনতে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমানের আশু হস্তক্ষেপ কামনা করেছে এলাকাবাসীসহ সচেতন মহল।

[redacted]

[redacted]